

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ অধিশাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০১.৯০.০১০.২০১৬- ৪১৭


তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪
২২ মে ২০১৭

বিষয়ঃ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নাম ব্যবহার করে টেলিফোনিক নির্দেশনা প্রদান প্রসংগে।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের মাধ্যমে সারা দেশ ব্যাপী বীর মুক্তিযোদ্ধাদের অনলাইনে প্রাপ্ত আবেদন, গেজেট, সাময়িক সনদসমূহ যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্নের জন্য মহানগর ও উপজেলা পর্যায়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

সম্প্রতি গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট এ মন্ত্রণালয়ের সচিব এবং অন্যান্য কর্মকর্তাগণের নাম ব্যবহার করে বিভিন্ন ব্যক্তি টেলিফোনে এতদবিষয়ে বিধি-বহির্ভূত নির্দেশনা প্রদান করছেন যা অনভিপ্রেত। এ বিষয়ে নিশ্চিত করা যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব বা অন্য কোন কর্মকর্তা চলমান মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কার্যক্রমের বিষয়ে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারগণকে টেলিফোন/মোবাইলে কোনরূপ নির্দেশনা প্রদান করেন না।

বর্ণিত অবস্থায়, বীর মুক্তিযোদ্ধাদের চলমান যাচাই-বাছাই কাজে প্রভাব পড়তে পারে এমন কোন ঘটনার উদ্ভব হলে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের নির্ধারিত টেলিফোন নম্বরে যোগাযোগপূর্বক সত্যতা যাচাইয়ের জন্য এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।



(মোঃ জহুরুল হক)

উপসচিব (প্রশাসন-১)

টেলিফোনঃ ৯৫৬৬৬৪২

info.molwa@yahoo.com

বিতরণ :

- ১। বিভাগীয় কমিশনার, ----- (সকল)
- ২। জেলা প্রশাসক, ----- (সকল)
- ৩। পুলিশ সুপার, ----- (সকল)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
- ৫। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৭। যুগ্মসচিব (মাননীয় মন্ত্রীর একান্ত সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্মসচিব ----- (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপসচিব ----- (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।